# মন্ত্রিপরিষদ বিভাগের ফেব্রুয়ারি ২০২৪ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: ফেব্রুয়ারি ২০২৪ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১২ মার্চ ২০২৪

**(১) প্রশাসনিক:**

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পুরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ৩০৪ | ১১৩ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,২০৮ | ৮৯০ |
| **মোট** | ২,৫১৫ | ১,৫১২ | ১,০০৩ |

ক. ২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৩ | - | ২৯ | ২০ | ৩৫ | ২৬ | ১১৩ |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | ২৫৫ | ২৩৩ | ২৪৯ | ১৫৩ | ৮৯০* |
| **মোট** | ৩ | - | ২৮৪ | ২৫৩ | ২৮৪ | ১৭৯ | ১,০০৩ |

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | জানুয়ারি মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ১ | - | ১ | - | - | - | - |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | - | - | - | - | - |

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

| **মন্ত্রিপরিষদ বিভাগ** | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী | | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | ১। ০৩ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে গাজীপুর জেলা; ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৪৪তম জাতীয় সমাবেশে যোগদান; ১৬-১৮ ফেব্রুয়ারি ২০২৪ মেয়াদে নাটোর, চাঁপাইনবাবগঞ্জ ও রাজশাহী জেলা এবং ২৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ গাজীপুর জেলা সফর করেন। |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | ৬ | - | |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | |

| **দুর্নীতি দমন কমিশন** | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | গোপালগঞ্জ জেলা কার্যালয় পরিদর্শন ও টুঙ্গিপাড়া সফর করেন। |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | ১ | | |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা:

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| **প্রকল্পের নাম** | **বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)** | **প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার** | **মন্তব্য** |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS | ১৫১ | ৪২.৫৯ (২৮.২১ শতাংশ) | - |
| 2. Social Security Policy Support Programme (1st revised) | ২০ | - | - |
| মোট=০২টি | ১৭১ | ৪২.৫৯ (২৪.৯১ শতাংশ) | |

**খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:**

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| - | - | - | - |

**গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা:**

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।


**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ২৬টি | ৫.০৩ | - | - | ২৬টি | মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে মোট ২৬টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ১২টি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তি রয়েছে। অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ১৬টি | ১৯৩.৬৩ | - | - | ১৬টি | - |
| মোট | ৪২টি | ১৯৮.৬৬ | - | - | ৪২টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা:




**(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)**

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (জানুয়ারি মাসের ১ তারিখে) | জানুয়ারি মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | জানুয়ারি মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি /বরখাস্ত | অন্যান্য দণ্ড | অব্যাহতি | | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ১ | - | - | - | - | ১ | - |
| **দুর্নীতি দমন কমিশন** | ২১ | - | - | ২ | - | ১৯ | ৯ |
| **মোট** | ২২ | - | - | ২ | - | ২০ | ৯ |

**(৯) মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/ এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ১। | Learning Visit on Global Best Practices on Shock Responsive Social Protection | ১৯-২৩ ফেব্রুয়ারি ২০২৪ মেয়াদে | মন্ত্রিপরিষদ বিভাগ | ০৪ জন |
| | ২। | Community Resilience Partnership Program | ২৭-২৮ ফেব্রুয়ারি ২০২৪ মেয়াদে | মন্ত্রিপরিষদ বিভাগ | ০১ জন |
| **দুর্নীতি দমন কমিশন** | ১। | অনুসন্ধান ও তদন্ত বিষয়ক প্রশিক্ষণ | ০৪-০৮ ফেব্রুয়ারি ২০২৪ মেয়াদে | দুর্নীতি দমন কমিশন | ৩০ জন |
| | ২। | এনফোর্সমেন্ট অভিযান, ফাঁদ কার্যক্রম ও ফরেনসিক বিষয়ক প্রশিক্ষণ | ১৩-১৫, ১৮-২০ এবং ২৭-২৯ ফেব্রুয়ারি ২০২৪ মেয়াদে | দুর্নীতি দমন কমিশন | ৯০ জন |

**খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:**
মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২৩-২৪ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘণ্টা) চলমান রয়েছে।

**গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।**

**ঘ. মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না:** ব্যবস্থা আছে, কর্মসূচি চলমান রয়েছে।

**ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:** ০৪ জন।

**(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:** নেই।

**ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।**

**খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক দুইটি; জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রিসভা-বৈঠকে ১০টি সিদ্ধান্ত গৃহীত হয়, এর মধ্যে ০৩টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে।

(২) ০৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সচিব-সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) ফেব্রুয়ারি ২০২৪ মাসে পর্যটন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; জাতীয় পর্যটন পরিষদ; রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত দিক নির্দেশনা প্রদান ও মনিটরিংয়ের জন্য জাতীয় কমিটি; রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে তদারকি, প্রকল্প সংশ্লিষ্ট ও কারিগরি বিষয়াদি পর্যালোচনা ও সিদ্ধান্ত প্রদানের জন্য কারিগরি কমিটি; জাতীয় পল্লী উন্নয়ন কাউন্সিল; জাতীয় পল্লী উন্নয়ন স্টিয়ারিং কমিটি এবং খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটিসমূহ গঠনপূর্বক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৪) ফেব্রুয়ারি ২০২৪ মাসে সর্বমোট ১০টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগসমূহের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এ সময়ে মোট ১৮টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১৪টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

(৫) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জানুয়ারি দ্বিতীয় ও ফেব্রুয়ারি প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়েছে।

(৬) বিভিন্ন মামলায় ০৩ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে চার্জশিট দাখিল এবং ৪০ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় পরিসমাপ্ত করা হয়েছে মর্মে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হয়। এর পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ফেব্রুয়ারি ২০২৪ মাসে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়েছে।

(৭) মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে ০১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হয়েছে।

(৮) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে ১৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে 'Strengthening Adaptive Social Protection System in Bangladesh: Assessing the Current Landscape and Charting a Path Forward' শীর্ষক গবেষণার Focus Group Discussion (FGD) এবং এ্যাডাপ্টিভ সোশ্যাল প্রটেকশন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(৯) সেন্টমার্টিন দ্বীপের পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ এবং পরিবেশবান্ধব পর্যটন নির্দেশিকা, ২০২৩-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও করণীয় সভায় অংশগ্রহণের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) ২০২৩-২৪ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে গ্রহণের লক্ষ্যে আয়োজিত সভায় বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেটদের অংশগ্রহণের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়াসমূহের ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সঙ্গে সামঞ্জস্য ও সংগতি বিধানের লক্ষ্যে অতিরিক্ত সচিব, আইনের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় কমিটির ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(১২) আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি কর্তৃক ০২টি আইনের (অফশোর ব্যাংকিং আইন, ২০২৪ এবং যুব সংগঠন নিবন্ধন ও পরিচালন আইন, ২০২৪) খসড়ার উৎকর্ষ সাধন করে মন্ত্রিসভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(১৩) দুর্নীতি দমন কমিশনে ০১ জন কর্মকর্তাকে মহাপরিচালক হিসেবে প্রেষণে এবং ০১ জন কর্মকর্তাকে সচিব হিসেবে নিয়োগের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(১৪) ফেব্রুয়ারি ২০২৪ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভায় ২০টি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে।

(১৫) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা ২০২৪ সুষ্ঠু ও ইতিবাচক পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা কমিটি'র সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) ০৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্য নির্ধারণ সংক্রান্ত বিষয়ে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে গৃহীত কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে আয়োজিত ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি'র সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪-এর প্রতিপাদ্য বিষয়ে সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) ০৯ মার্চ ২০২৪ মাসে সারাদেশে অনুষ্ঠিত সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ এবং নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদানের জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাদেরকে অনুমতি প্রদান করা হয়েছে।

(১৯) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে। ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভায় জেল সুপার, ফরিদপুরের জমিতে নির্মিত বাসভবনে বর্তমানে সিভিল সার্জন, ফরিদপুরের বসবাসের ফলে উদ্ভূত সমস্যাটি এবং ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভায় অনুমতি ব্যতীত ০১ নম্বর খাস খতিয়ানভুক্ত জমিতে কুমিল্লা কেন্দ্রীয় কারাগার কর্তৃপক্ষ কর্তৃক আবাসিক ভবন নির্মাণ ও দখলের ফলে উদ্ভূত বিরোধটি নিষ্পত্তি হয়েছে।

(২০) ১৯-২০, ২২ এবং ২৭ ফেব্রুয়ারি ২০২৪ মেয়াদে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাদের এবং ২৭-২৯ ফেব্রুয়ারি ২০২৪ মেয়াদে বিভিন্ন অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাদের অংশগ্রহণে সিআরভিএস ধারণা ও বাস্তবায়ন সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(২১) ২০২৩-২৪ অর্থবছরের প্রশিক্ষণ/কর্মশালা খাতে প্রাপ্ত বরাদ্দ অনুসারে কর্ম পরিকল্পনা মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে। ফেব্রুয়ারি ২০২৪ মাসে ০৫টি ব্যাচে সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক কর্মপরিকল্পনা প্রস্তুত ও ত্রৈমাসিক অগ্রগতির তথ্য প্রেরণ সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা /বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও টেকনিক্যাল কর্মকর্তার সমন্বয়ে ১০৪ জন কর্মকর্তা এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০৬ জন কর্মকর্তাসহ মোট ১১০ জন কর্মকর্তার প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

(২২) জিআরএস সফট্ওয়্যার মেইনটেন্যান্সের অংশ হিসেবে ভেন্ডর প্রতিষ্ঠান (ARC BD.Ltd)-এর মাধ্যমে ফেব্রুয়ারি ২০২৪ মাসে ৫০টি অফিসের সিস্টেমের কারিগরি ত্রুটি সংশোধন করা হয়েছে।

(২৩) ০৫-০৬, ০৮ এবং ১১-১৫ ফেব্রুয়ারি ২০২৪ মেয়াদে মন্ত্রণালয়/বিভাগ এবং বিভাগীয় কমিশনার কার্যালয়সমূহ কর্তৃক বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন (অর্ধবার্ষিক) পর্যালোচনাপূর্বক ফিডব্যাক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(২৪) ০৪-০৬ ফেব্রুয়ারি ২০২৪ মেয়াদে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের কার্যালয়ের প্রতিনিধিদের অংশগ্রহণে জেলা ব্র্যান্ডিং কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(২৫) ০৮ এবং ১১-১৫ ফেব্রুয়ারি ২০২৪ মেয়াদে মন্ত্রণালয়/বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(২৬) গ্রাম আদালতে অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম, ঢাকা, মুন্সিগঞ্জ, জামালপুর, রাঙ্গামাটি, পঞ্চগড় ও সিলেট বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

## গ.আগামী (মার্চ-এপ্রিল) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক; জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি; নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি; আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি; মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন; মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(২) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৪তম সভা।

(৩) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠেয় নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটি এবং প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১১৯তম সভা।

(৪) মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা।

(৫) সচিব-সভায় প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন, নির্দেশনাসমূহের ডি.ও লেটার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ।

(৬) জেলা প্রশাসক সম্মেলন-২০২৪ আয়োজন।